দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 24 MAY 1989
পৃষ্ঠা 6 কলাম 1



কুড়িগ্রাম সরকারী মহিলা কলেজের জরাজীর্ণ শ্রেণী কক্ষ

# সমস্যায় জর্জরিত কুড়িগ্রাম সরকারী মহিলা কলেজ

॥ রবি বোস ॥

কুড়িগ্রাম জেলা সদরে প্রতিষ্ঠিত একটিমাত্র মহিলা মহাবিদ্যালয় বর্তমানে নানা রকম ঘাত-প্রতিঘাতের মধ্যে দিয়ে এগুচ্ছে। ১৯৭৩ সালে এলাকার কয়েকজন বিশিষ্ট শিক্ষানুরাগী কলেজটি প্রতিষ্ঠা করেন। তখন এটি ছিল কুড়িগ্রাম মহিলা মহাবিদ্যালয়। পরবর্তীতে কলেজটি সরকারীকরণ করা হয়।

দীর্ঘ ১৭ বছর পরও কলেজটি নানারকম সমস্যায় জর্জরিত। কলা, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে যথারীতি ক্লাস নেয়া হলেও স্নাতক ক্লাসে বাণিজ্য বিভাগ চালু নেই। এছাড়া ল্যাবরেটরী ও এর উপকরণের অভাব রয়েছে। প্রয়োজনীয় উপকরণের অভাবে বিজ্ঞানের ব্যবহারিক পরীক্ষায় অনেক ব্যাঘাত সৃষ্টি হয়ে থাকে।

১১ জন ছাত্রী নিয়ে এ মহাবিদ্যালয়ের [illegible] শুরু হলেও বর্তমানে ছাত্রী সংখ্যা [illegible] জন। এর জন্য যতগুলো ক্লাসরুম প্রয়োজন তা নেই। শ্রেণী কক্ষের অপ্রতুলতার কারণে ছাত্রীদের অনেক সময় অসুবিধার সম্মুখীন হতে হয়। জীর্ণ জীর্ণ শ্রেণী কক্ষে ছাত্রীদের ক্লাস করতে হয়।

এছাড়া প্রয়োজনীয় শিক্ষকেরও অভাব রয়েছে এ কলেজটিতে। বর্তমানে এ কলেজটির শিক্ষক সংখ্যা ২৭ জন। কিন্তু সর্বমোট ৩৪ জন শিক্ষক প্রয়োজন বলে উক্ত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব আবুল কাশেম তালুকদার জানান। এরমধ্যে কয়েকজন শিক্ষকের চাকরি আজ অবধি আত্মীকরণ হয়নি। তাদের চাকুরীর আত্মীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন বলে উক্ত অধ্যক্ষ জানান।

শিক্ষার উপযোগী বোটানিক্যাল গার্ডেন, কমনরুমের সমস্যা রয়েছে। অবসর সময়ে কমনরুমে খেলাধুলা করার মত উল্লেখযোগ্য খেলার সরঞ্জাম নেই।